

‘রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার’ পেলো সামিট অয়েল এন্ড শিপিং



ছবি ক্যাপশন: আজ সালমান খান, সামিট অয়েল এন্ড শিপিং-এর পরিচালক (অপারেশনস) মাননীয় শিল্প মন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি'র কাছে থেকে এই মর্যাদাপূর্ণ 'রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার ২০১৮' গ্রহণ করেন রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁওয়ে হোটেলে।

(ঢাকা) ২৮শে ডিসেম্বর ২০২০, সোমবার: আজ বেসরকারি খাতে বাংলাদেশের শীর্ষস্থানীয় জ্বালানি তেল আমদানিকারক ও সরবরাহকারি প্রতিষ্ঠান, সামিট অয়েল এন্ড শিপিং কো: লি: (এসওএসসিএল), দেশের জাতীয় অর্থনীতিতে ক্ষুদ্র শিল্প ক্যাটাগরিতে অসামান্য অবদানের স্বীকৃতি স্বরূপ মর্যাদাপূর্ণ "রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার ২০১৮"-তে ভূষিত হলো।

পুরস্কার প্রাপ্তিতে সালমান খান, পরিচালক-অপারেশনস, এসওএসসিএলের বলেন, "এসওএসসিএলের প্রতিনিয়ত নিরাপদ জ্বালানী তেল সরবরাহ ও সংরক্ষণের চেষ্টার মাধ্যমে দেশের শিল্প-কারখানাগুলোকে সহযোগিতা করবার স্বীকৃতি স্বরূপ এই পুরস্কারের জন্য আমরা কৃতজ্ঞ। বর্তমানে এসওএসসিএল বেসরকারি খাতে ৮টি বিদ্যুৎ কেন্দ্রে জ্বালানী তেল সরবরাহ করছে এবং ৩০,০০০ মেট্রিক টন জ্বালানি তেল পরিবহন

সক্ষমতার ২২টি জাহাজ পরিচালনা করে আসছে। এছাড়া এসওএসসিএলের মোট ১০০,০০০ মেট্রিক টন জ্বালানি তেল সংরক্ষণ ক্ষমতা রয়েছে।

মহামান্য রাষ্ট্রপতির পক্ষে মাননীয় শিল্প মন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি এই পুরস্কার হস্তান্তর করেন। এসময় আরও উপস্থিত ছিলেন শিল্প মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এমপি এবং ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)-এর সভাপতি শেখ ফজলে ফাহিম। শিল্প মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব কে এম আলী আজম অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন।

রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার সম্পর্কে:

জাতীয় অর্থনীতিতে শিল্প খাতের অবদানের স্বীকৃতি প্রদান এবং সৃজনশীলতাকে উৎসাহিত করার উদ্দেশ্যে সরকার রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রদান করে থাকে। এবছর মোট ৬টি ক্যাটাগরিতে ১৯টি শিল্পপ্রতিষ্ঠানকে এই পুরস্কার দেওয়া হয়। বিস্তারিত জানতে ভিজিট করুন: <https://moind.gov.bd/>

সংক্ষেপে সামিট অয়েল এন্ড শিপিং কোম্পানী লি: (এসওএসসিএল): ১৯৯৮ সালে প্রতিষ্ঠিত, সামিট অয়েল এন্ড শিপিং, সামিট গ্রুপের একটি অঙ্গপ্রতিষ্ঠান এবং বেসরকারি খাতে বাংলাদেশের শীর্ষস্থানীয় জ্বালানি তেল আমদানিকারক ও সরবরাহকারি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির অথরাইজড এবং পেইড-আপ ক্যাপিটাল যথাক্রমে ২ বিলিয়ন টাকা এবং ৫০০ মিলিয়ন টাকা। এসওএসসিএল দীর্ঘমেয়াদী ক্রেডিট রেটিং (ঋণমান) এ প্লাস। ক্রেডিট রেটিং এজেন্সি ক্রিসেল এই স্বীকৃতি দিয়েছে।

বিস্তারিত জানতে ভিজিট করুন www.soscl.net, অথবা অনুসরণ করুন ফেইসবুক।

মিডিয়া অনুসন্ধানের জন্য:

মোহসেনা হাসানা | ইমেইল: mohsena.hassan@summit-centre.com | মোবাইল +৮৮০১৭১৩০৮১৯০৫